

বাবলা পাতার কষ লেগেছে
উঠবে না রং সাবানে
গুরু আমার মনের ময়লা যাবে কেমনে ॥
যদি সে কয়লার কালি হয়
সে কালি জলে ধুইলে যায়
মনের কালি ভীষণ কালি
(গুরু গো) ধোয়া নাহি যায়
ও যার কুম্ফণে কুলগ্নে জন্ম
(গুরু) বললে কথা কই শোনে ॥
স্বভাব যায় না তো মরলে
ইল্লত যায় না ধুইলে
ছুঁচোর গায়ের গন্ধ যায় কি
আতর গোলাপ জল দিলে
কালো রঙ হয় কি গৌর
কাঁচা হলুদ লেপনে ॥
গৌঁসাই বলেন অনন্তরে
কিলিয়ে কাঁঠাল পাকাইলে
সেটা সুস্বাদ হয় না কোনো কালে
অপক্ক দোষে ॥

কথা: অনন্ত গৌঁসাই